কবরের নি‘আমত ও আযাবের আংশিক বর্ণনা

আবূ হুরায়রাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন মৃতকে কবর দেওয়া হয়, অথবা বললেন, তোমাদের কাউকে। দুইজন কালো বর্ণের ফিরিশতা আসে তাদের একজনকে মুনকার এবং অপরজনকে নকীর বলা হয়। তারা দুইজন বলবেন এ লোকটি সম্পর্কে তুমি কি বল? তখন সে তাই বলবে যা সে বলত: আল্লাহর বান্দা ও তার রাসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আর মুহাম্মাদ আল্লাহর বান্দা ও রাসূল। তখন তারা বলবে, আমরা জানতাম তুমি এ কথাই বলবে। তারপর তার জন্য সত্তুরের মধ্যে সত্তুর বাহু পরিমাণ কবরকে প্রসস্থ করা হয় অতঃপর তা আলোকিত করা হয়। তারপর তাকে বলা হবে, ঘুমাও। তখন সে বলবে আমি আমার পরিবারের নিকট যাব এবং তাদের সংবাদ দিব। তারা বলবে তুমি নতুন দুলার মতো ঘুমাও যাকে একমাত্র তার সবচেয়ে প্রিয় লোকটি ছাড়া আর কেউ জাগায় না। অতঃপর আল্লাহ তাকে তার এ ঘুমের বিছানা থেকে প্রেরণ করেবেন। আর যদি সে মুনাফিক হয়, তখন সে বলে, আমি মানুষকে বলতে শুনেছি তাই আমিও তাদের মতো বলেছি।
আমি জানি না। তখন তারা দুইজন বলবেন, আমরা জানতাম তুমি এ কথা বলবে। তখন যমীনকে বলাবে
তার ওপর মিলে যাও তখন যমীন মিলে যাবে। তার হাঁড় চুর্ণবিচুর্ণ হবে। তখন সে যতক্ষণ না আল্লাহ তাকে তার বিছানা থেকে না উঠাবেন ততক্ষণ পর্যন্ত সে শাস্তি পেতে থাকবে।
[হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

যখন মৃতকে কবর দেওয়া হয়, তখন দুইজন কালো বর্ণের ফিরিশতা আসে তাদের একজনের নাম মুনকার এবং অপরজনের নাম নকীর। তারা দুইজন তাকে বলে, এ লোকটি সম্পর্কে তুমি কি বলতে? তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উদ্দেশ্য করেন। তখন সে বলে তিনি আল্লাহর বান্দা ও তার রাসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আর মুহাম্মাদ আল্লাহর বান্দা ও তার রাসূল। তখন তারা বলবে, আমরা জানতাম তুমি এ কথাই বলবে। তারপর তার জন্য সত্তুরের মধ্যে সত্তুর বাহু পরিমাণ কবরকে প্রসস্থ করা হয়। তারপর তার জন্য কবর আলোকিত করা হয়। তারপর তাকে বলা হবে ঘুমাও। তখন সে বলবে আমি আমার পরিবারে নিকট যেতে চাই। তারপর তাদের সংবাদ দেব যে, আমি ভালো আছি যাতে তারা শোনে খুশি হয় এবং আমার জন্য দুশ্চিন্তা না করে। তারা বলবে, তুমি নতুন দুলার মতো ঘুমাও যাকে একমাত্র তার সবচেয়ে প্রিয় লোকটি ছাড়া আর কেউ জাগায় না। তারপর সে খুব আরামের ঘুম ঘুমাবে যতক্ষণ না আল্লাহ তাকে কিয়ামতের দিন উত্থিত করেবেন। আর যদি সে মুনাফিক হয়, তখন সে বলে, আমি মানুষকে বলতে শুনেছি তারা একটি কথা বলত, আর তা হলো তিনি হলে আল্লাহর রাসূল। তাই আমিও তাদের মতো বলেছি। আমি জানি না তিনি বাস্তবে নবী কি নবী নয়। তখন তারা দুইজন বলবেন, আমরা জানতাম তুমি এ কথা বলবে। তখন যমীনকে বলা হবে, তার ওপর মিলে যাও ও একত্র হও এবং তার ওপর সংকীর্ণ হও। তখন তার অঙ্গগুলো একত্র হয়ে যাবে। এমনকি তার ওপর কঠিন চাপ, শক্তি প্রয়োগ ও তার অঙ্গগুলোকে সংকীর্ণ করার ফলে হাঁড়গুলো সঠিক অবস্থা থেকে সরে যাবে যে সঠিক অবস্থার ওপর ইতিপূর্বে ছিল এবং তার এক পাশ অপর পাশের মধ্যে ঢুকে যাবে। সে এ অবস্থায় শাস্তি পেতে থাকবে কিয়ামত দিবস পর্যন্ত যেদিন আল্লাহ তাকে উত্থিত করবেন।